

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ১৬ জানুয়ারি, ২০১৮ ইংরেজি। ১ম খসড়া

বিষয়: সংস্থার নিরাপত্তা ব্যবস্থা এবং দলীয় রাজনীতির প্রতি নিরপেক্ষ আচরণ নীতিমালা।

**১. উদ্দেশ্যসমূহ:**

- ১.১ সংস্থার সকল কার্যালয়, সম্পদ ও কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করা।
- ১.২ সংস্থার কর্মীগণ যাতে দলীয় রাজনীতির উর্ধ্বে থাকতে পারে।

**২. অফিস নিরাপত্তা:**

- ২.১ অফিস কোন অতিথি আনতে হলে তা অফিসিয়াল কাজ সংক্রান্ত বিষয় কিনা তা নিশ্চিত করে অফিসের ঢুকতে দিতে হবে।
- ২.২ অতি জরুরি (ব্যক্তিগত) প্রয়োজনে যদি কোন আত্মীয় বা বন্ধু আসতে চান তবে তার প্রয়োজনীয়তা বুঝে তাকে ঢুকাতে হবে। অফিসে কোন অতিথি কার কাছে কি প্রয়োজনে এসেছেন তা নিশ্চিত হয়ে প্রবেশে জন্য অনুমতি দেয়া যাবে।
- ২.৩ লাইট, ফ্যান, ডেক্সটপ, এসি বা অন্য কোন ইলেক্ট্রনিক্স জিনিসপত্র ঠিকমতো বন্ধ করা হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে সকলকে অফিস ত্যাগ করতে হবে।
- ২.৪ অফিস শেষে যিনি সর্বশেষে অফিস ত্যাগ করবেন তিনি অফিস ত্যাগের পূর্বে দরজা, জানালা ভালোমতো বন্ধ, সকল রুমে তালা, মটরসাইকেল/সাইকেলগুলো নিরাপদে আছে কিনা তা নিশ্চিত করবেন।
- ২.৫ ব্যংক থেকে সংস্থার বেশী টাকা উত্তোলনের সময় দুজন কর্মীকে ব্যংকে যেতে হবে।
- ২.৬ সকল অফিসে হালনাগাদ অগ্নি নির্বাপক যন্ত্র থাকতে হবে। দুই ধরনের অগ্নি নির্বাপক যন্ত্র থাকতে হবে। একটি হলো সাধারণ আগুন নেবানোর জন্য এবং আরেকটি হলো বৈদ্যুতিক সার্কিট থেকে আগুন নেবানোর জন্য। সকল কর্মীকে অগ্নি নির্বাপক যন্ত্রের ব্যবহার জানা থাকতে হবে।

**৩. কর্মী নিরাপত্তা:**

- ৩.১ সকল কর্মীকে মটর সাইকেলের চালানোর সময় হেলমেট পরা বাধ্যতামূলক। যিনি মটর সাইকেলের পিছনে বসবেন তারও হেলমেট পরা বাধ্যতামূলক। বৈধ ড্রাইভিং লাইসেন্স ছাড়া মটর সাইকেল চালানো যাবে না। ড্রাইভিং লাইসেন্স ছাড়া যদি কেউ মটরসাইকেল চালান এর জন্য যদি পুলিশি কেইস হয় তাহলে তার দায় দায়িত্ব সংস্থা বহন করবে না। মটর সাইকেল ৪০ কিমি বেগের বেশী বেগে চালানো যাবে না।
- ৩.২ জিপ/মাইক্রো চালানোর সময়ও চালককে বেল্ট পড়তে হবে। তাকে বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। ৫০-৬০ কিমি গতিবেগের বেশী গতিবেগে জিপ/মাইক্রো চালানো যাবে না। গাড়ি চালানোর সময় চালক মোবাইল ফোনে কথা বলতে পারবেন না।
- ৩.৩ কোন কর্মী গুরুতর অসুস্থ হলে বা দুর্ঘটনার শিকার হলে তাকে প্রয়োজন অনুযায়ী চিকিৎসক/হাসপাতাল/ক্লিনিকে নিয়ে যেতে হবে এবং তার সর্বাধুনিক চিকিৎসা নিশ্চিত করতে হবে এবং তার পর অফিস প্রধানকে তা অবহিত করতে হবে। গুরুতর অসুস্থ বা দুর্ঘটনার খবর জরুরিভিত্তিতে সহকারী পরিচালক-প্রশাসন ও এসআর এবং নির্বাহী পরিচালককে জানাতে হবে।
- ৩.৪ কোন অফিসে আগুন লাগলে সংশ্লিষ্ট অফিসের সকল কর্মীকে যথাসম্ভব দ্রুত অফিস কক্ষ ত্যাগ করতে হবে। এসময় নিজের সাথে কোন জিনিস নেয়ার চেষ্টা করা যাবে না।
- ৩.৫ লঞ্চ, বাস বা বিমানে ভ্রমণ করলে লঞ্চ, বাস বা বিমানের নাম পূর্বে থেকেই সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ককে জানিয়ে রাখতে হবে। যাত্রা শেষেও তত্ত্বাবধায়ককে অবহিত করতে হবে। বর্ষাকালে লঞ্চ ভ্রমণ করার

- সময় আবহাওয়া বার্তা সম্পর্কে অবগত থাকতে হবে। বিমানে ও লঞ্চে ভ্রমণকালীন নিরাপত্তা বিষয়ক নীতিমালা মেনে চলুন।
- ৩.৬ ভূমিকম্প হলে অযথা ছুটছুটি করবেন না। দালানের বড় ভীমের পাশে আশ্রয় নিন। ভূমিকম্প বিষয়ক সরকারী নির্দেশাবলী মেনে চলুন।
- ৩.৭ সংস্থা কর্তৃক দেয়া আইডি কার্ড সকল কর্মীকে সব সময় সাথে রাখতে হবে।
৪. **বিদেশী অতিথিদের নিরাপত্তা:**
- ৪.১ সংস্থার মাধ্যমে যদি কোন বিদেশী অতিথি বাংলাদেশে আসেন এবং সংস্থার তত্ত্বাবধানে থাকেন তাহলে সংস্থা তার সকল নিরাপত্তা নিশ্চিত করবে।
- ৪.২ তিনি অফিসে আসার সাথে সাথে তাকে সংস্থার পক্ষ থেকে একটি আইডি কার্ড দিতে হবে এবং সংস্থার সিকিউরিটি নীতিমালা সম্পর্কে তাকে অবহিত করতে হবে।
৫. **সংস্থার সম্পদের নিরাপত্তা:**
- ৫.১ অফিস কর্তৃক যে সব ডিভাইস কর্মীকে অফিসিয়েল কাজের জন্য দেয়া হবে তার নিরাপত্তা ব্যবহারকারীকে নিশ্চিত করতে হবে। এসকল জিনিস হারিয়ে গেলে বা চুরি হলে তার দায়দায়িত্ব অফিস বহন করবে না।
- ৫.২ কোন কর্মীর নিজের মূল্যবান জিনিসের কোন নিরাপত্তা অফিস দেবে না। অর্থাৎ অফিসে কেউ নিজের কোন মূল্যবান জিনিস আনলে তার নিরাপত্তা তাকেই নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে কর্মীদের কোন ব্যক্তিগত মূল্যবান জিনিস অফিসে না আনার জন্য সংস্থা সকল কর্মীকে উৎসাহিত করছে।
৬. **জিজিবাদ থেকে দূরে থাকা:**
- ৬.১ জিজিবাদ বা ধর্ম পালনের উদ্দেশ্যে যারা নানা মতবাদ প্রদান করে চলে তাদের থেকে দূরে থাকতে হবে।
- ৬.২ কোন কর্মী জিজিবাদে যুক্ত আছেন বা জড়িয়ে পড়েছেন তাহলে জরুরিভিত্তিতে সহকারী পরিচালক-প্রশাসন এন্ড এসআর এবং নির্বাহী পরিচালককে জানাতে হবে।
৭. **দলীয় রাজনীতি থেকে মুক্ত থাকা:**
- ৭.১ দেশের এবং বৈশ্বিক রাজনীতি সম্পর্কে সচেতন থাকতে হবে।
- ৭.২ কোনভাবেই দলীয় রাজনীতি করা এবং সে সম্পর্কিত কর্মকাণ্ডের সাথে জড়িত থাকা যাবে না।
- ৭.৩ দলীয় রাজনীতি থেকে দূরে থাকার পাশাপাশি নির্বাচন সংক্রান্ত প্রচারনা বা কোন্দলে জড়িয়ে পড়া যাবে না।

নির্বাহী পরিচালক, জানুয়ারি ২০১৮।